

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঞ্চণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স নাইট ফ্রাঙ্ক ডেভেলপমেন্ট লিঃ, ব্যবস্থাপনা পরিচালক আবদুল্লাহ আল মামুন, সাবেক ঠিকানা- মদিনা টাওয়ার (৬ষ্ঠ তলা), ৮০৫/৩, সিডিএ এভিনিউ, জিইসি সার্কেল, চট্টগ্রাম, বর্তমান ঠিকানা- বাড়ী নং- ৫৩, রোড নং- ০৪, হিল ভিউ আবাসিক এলাকা (ফ্লোর -৬), পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০১/০৮/২০১৬ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৩,৪৬,৬০,২৪২.০০ (টাকা তিন কোটি ছেচল্লিশ লক্ষ ষাট হাজার দুইশত বিয়াল্লিশ) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলা- চট্টগ্রাম, থানা- পাঁচলাইশ, মৌজা- শুলকবাহার, আর.এস. খতিয়ান নং- ৬২৮, ৬২২, আর.এস. ৭০১ (অংশ) ও ৬৯৪ (অংশ) নং দাগের সামিল পি.এস. ৫২৫/৬৯৮ এবং ৫৩২/৭০৭ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ পি.এস. ৮৬৮ এবং ৮৬৮/১ নং খতিয়ানের পি.এস. ১৩৯৬ (অংশ) এবং ১৩৯১ (অংশ) নং দাগের সামিল বি.এস. ৭৩৯ নং খতিয়ানের ও নামজারী জমাভাগ বি.এস. ৭৩৯/২ নং খতিয়ানের বি.এস. ৬৭১ (অংশ) এবং ৬৭৬ (অংশ) নং দাগের .১০১৫ একর ভূমি এবং উক্ত ভূমির উপর নির্মানধীন ৮ তলা বিশিষ্ট 'নাইট লরেল' নামীয় এ্যাপার্টমেন্ট ভবন (সেমি-বেসমেন্ট সহ) যাহার চৌহদ্দি: উত্তরে- কামাল উদ্দিন, দক্ষিণে- আর.এস. ৭০২ নং দাগের অবশিষ্ট জমি, পূর্বে- রাস্তা এবং পশ্চিমে- বখতিয়ারুল আলমের বিক্রীত জমি।

২। জেলা- চট্টগ্রাম, থানা- কোতয়ালী, মৌজা- কাশিমবাজার, আর.এস. খতিয়ান নং- ৮১, ২৪, আর.এস. ২৪৭ (অংশ) ও ২৩৫ (অংশ) নং দাগের সামিল পি.এস. ৮৩/১২৬/১ নং খতিয়ানের পি.এস. ১৫৩ (অংশ) এবং ১৫৪ (অংশ) নং দাগের সামিল বি.এস. ৪৫ নং খতিয়ানের বি.এস. ৩৫৬ (অংশ) এবং ৩৫৫ (অংশ) নং দাগের .১০১৫ একর ভূমি এবং উক্ত ভূমির উপর নির্মিত ৯ তলা বিশিষ্ট 'নাইট নুর' নামীয় এ্যাপার্টমেন্ট ভবন, যাহার ঠিকানা- ১০, কলেজ রোড, চকবাজার, চট্টগ্রাম।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২০.০৯.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা/সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, দখল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

- (b) दरपत्रेतर माधुडे नललडे अंशग्रहने इछुक वुतुकुणके वलसुतरत तथु अवगत हलवर कुनु नलनुसुवरकरलर अकुसे डुगलडुग करलते डलरलबेन।
- (क) वुतुक करुतुडुडु कुन करण दरुशनु वुतरलरेकेइ डे कुन दरपतुर वल सकल दरपतुर ग्रहण वल वलतल करलवर कुडतल संरकुन करलबेन।

वुवसुवरडु, इडुनलइतेड कडरुशल वुतुक ललः, अगुरलवद शलखल,कतुतुरलडु।